

## 🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعَرَاء

আয়াতঃ ২৬: ২০৫

💵 আরবি মূল আয়াত:

## اَفَرَءَيتَ إِن مَّتَّعنْهُم سِنِينَ ﴿٢٠٥﴾

## 🗚 অনুবাদসমূহ:

তুমি কি লক্ষ্য করেছ, আমি যদি তাদেরকে দীর্ঘকাল ভোগ-বিলাসের সুযোগ দিতাম। — আল-বায়ান তুমি কি ভেবে দেখেছ আমি যদি তাদেরকে কতক বছর ভোগ বিলাস করতে দেই, — তাইসিরুল তুমি চিন্তা করে দেখ, যদি আমি তাদেরকে দীর্ঘকাল ভোগ-বিলাস করতে দিই, — মুজিবুর রহমান

Then have you considered if We gave them enjoyment for years — Sahih International

২০৫. আপনি ভেবে দেখুন যদি আমরা তাদেরকে দীর্ঘকাল ভোগ-বিলাস করতে দেই(১),

(১) এ আয়াতে ইঙ্গিত আছে যে, দুনিয়াতে দীর্ঘ জীবন লাভ করাও আল্লাহ্ তা'আলার একটি নেয়ামত। কিন্তু যারা এই নেয়ামতের না-শোকরী করে, বিশ্বাস স্থাপন করে না, তাদের দীর্ঘ জীবনের নিরাপত্তা ও অবকাশ কোন কাজে আসবে না। আর এজন্যই রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম-এর এক হাদীসে এসেছে, তিনি বলেছেনঃ কিয়ামতের দিন কাফেরকে নিয়ে এসে জাহান্নামে এক প্রকার চুবিয়ে আনার পর তাকে জিজ্ঞাসা করা হবে, তুমি কি তোমার জীবনে কখনো ভাল কিছু পেয়েছ? সে বলবেঃ হে প্রভু! আপনার শপথ, কখনো পাইনি। অপরদিকে দুনিয়ার সবচেয়ে দূর্ভাগা ব্যক্তিকে নিয়ে জান্নাতে প্রবেশ করিয়ে তাকে জিজ্ঞাসা করা হবে তুমি কি দুনিয়াতে কখনো কষ্ট পেয়েছ? সে বলবে, আপনার শপথ, হে আমার প্রভু! কখনো নয়। [মুসলিমঃ ২৮০৭]

তাফসীরে জাকারিয়া

(২০৫) আচ্ছা তুমি দেখ তো, যদি আমি তাদেরকে বহু বছর ভোগ-বিলাস দান করি,

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3137

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন